ASSET Project

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্প
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
www.asset-dte.gov.bd

একটাই লক্ষ্য
হতে হবে দক্ষ

স্মারক নং - ৫৭.০৩.০০০০.০০০.২৯.০৩৫.২২-১৪৩১

তারিখ: ২৩/০৪/২০২৫ খ্রি:

**বিষয়: "কারিগরি শিক্ষার মানোন্নয়ন: বৈশ্বিক প্রেক্ষাপটে সম্ভাবনা ও করণীয়" শীর্ষক সেমিনারে আমন্ত্রণ**

১। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কর্তৃক আয়োজিত "কারিগরি শিক্ষার মানোন্নয়ন: বৈশ্বিক প্রেক্ষাপটে সম্ভাবনা ও করণীয়" শীর্ষক সেমিনারটি আগামী ২৮ এপ্রিল ২০২৫ তারিখ সোমবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, সেগুনবাগিচা, ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বর্তমানে জাতীয় উন্নয়নের অন্যতম চালিকাশক্তি হিসেবে বিবেচিত হচ্ছে। তথ্যপ্রযুক্তির অগ্রগতি, শিল্পায়নের বিস্তার এবং আন্তর্জাতিক শ্রমবাজারে দক্ষ কর্মশক্তির চাহিদা বৃদ্ধির ফলে এই খাতটি ক্রমেই গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। বাংলাদেশের প্রেক্ষাপটে দারিদ্র্য দূরীকরণ, বেকারত্ব হ্রাস এবং টেকসই অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করতে হলে কারিগরি শিক্ষার মানোন্নয়ন অপরিহার্য। তবে এই খাতে এখনো রয়েছে নানা চ্যালেঞ্জ—কারিকুলামের সময়সাপেক্ষ হালনাগাদ, শিল্পখাতের সঙ্গে দুর্বল সংযোগ, প্রশিক্ষকদের দক্ষতা উন্নয়ন, এবং অবকাঠামোগত সীমাবদ্ধতা। এই প্রেক্ষাপটে, "কারিগরি শিক্ষার মানোন্নয়ন: বৈশ্বিক প্রেক্ষাপটে সম্ভাবনা ও করণীয়" শীর্ষক এই সেমিনার একটি সময়োপযোগী উদ্যোগ, যা নীতিনির্ধারক, একাডেমিশিয়ান, শিল্পপ্রতিষ্ঠান ও উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় ও সংলাপের সুযোগ করে দেবে।

২। সেমিনারটির মূল উদ্দেশ্য হলো বৈশ্বিক পরিপ্রেক্ষিতে বাংলাদেশের TVET খাতকে কীভাবে আরও আধুনিক, দক্ষতাভিত্তিক ও চাহিদানির্ভর করা যায় সে বিষয়ে একটি রূপরেখা প্রণয়ন। সেমিনারে অংশগ্রহণকারী বিশেষজ্ঞগণ সময়োপযোগী কারিকুলাম, শিল্প-অ্যাকাডেমিয়া অংশীদারিত্ব, আন্তর্জাতিক সহযোগিতা এবং টেকসই দক্ষতা উন্নয়নের নানা দিক বিশ্লেষণ করবেন। বিশেষভাবে, তিনটি থিমেটিক কারিগরি সেশনের মাধ্যমে দেশের বর্তমান বাস্তবতা, বৈশ্বিক সুযোগ এবং কৌশলগত করণীয়গুলো চিহ্নিত করা হবে। এই সেমিনারটি শুধু একটি আলোচনামঞ্চ নয়, বরং একটি কর্মপন্থা নির্ধারণের মাধ্যম হিসেবেও কাজ করবে, যা ভবিষ্যতের জন্য দক্ষ ও মানবিক মূল্যবোধসম্পন্ন জনশক্তি গঠনে সহায়ক হবে। এছাড়াও, দারিদ্র্য, বেকারত্ব ও পরিবেশ দূষণ—এই তিন শূন্য লক্ষ্য অর্জনে কারিগরি শিক্ষার ভূমিকা নিয়ে এ আলোচনা জাতীয় পরিকল্পনার অংশ হয়ে উঠতে পারে।

৩। বর্তমানে দেশে ২৩টি মন্ত্রণালয় এবং ২৯টি দপ্তর/সংস্থা দক্ষতা উন্নয়ন কার্যক্রম পরিচালনা করছে। TVET ও দক্ষতা নিয়ে কাজ করে এমন প্রতিষ্ঠানসহ দেশের স্বনামধন্য শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধি, ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল, বিভিন্ন ব্যবসায়ী শিল্প সংগঠন, বিভিন্ন চেম্বার ও কমার্স ইন্ডাস্ট্রি, শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান, দাতা সংস্থা, প্রকল্প বাস্তবায়ন সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি, সুশীল সমাজ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া ও অন্যান্য অংশীজনের অংশগ্রহণে **"কারিগরি শিক্ষার মানোন্নয়ন: বৈশ্বিক প্রেক্ষাপটে সম্ভাবনা ও করণীয়"** শীর্ষক একটি সেমিনার আয়োজন করা হচ্ছে।

৪। **"কারিগরি শিক্ষার মানোন্নয়ন: বৈশ্বিক প্রেক্ষাপটে সম্ভাবনা ও করণীয়"** শীর্ষক সেমিনারটি আগামী ২৮ এপ্রিল ২০২৫ তারিখ সোমবার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে অনুষ্ঠিত হতে যাচ্ছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা **অধ্যাপক ড. সি আর আবরার**, যিনি কারিগরি শিক্ষার উন্নয়ন ও নীতিমালার বিষয়ে দীর্ঘদিন ধরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন **জনাব সিদ্দিক জোবায়ের**, সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং **মিজ নাসরিন আফরোজ,** নির্বাহী চেয়ারম্যান (সচিব), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA), যাঁরা দেশে দক্ষতা উন্নয়নে সরকারি ও নীতিগত উদ্যোগের নেতৃত্ব দিচ্ছেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন **ড. খ ম কবিরুল ইসলাম**, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, যাঁর নেতৃত্বে TVET খাতের সামগ্রিক উন্নয়ন কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে। এছাড়াও অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন **ড. হরিপদ দাস,** সেক্রেটারি জেনারেল, সেন্টার ফর অকুপেশনাল রিসার্চ

অ্যান্ড এডুকেশন (CORE)। জাতীয় ও আন্তর্জাতিক পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষার উন্নয়ন, চ্যালেঞ্জ ও করণীয় নিরূপণে এই সেমিনারে উপস্থিত অতিথিগণের অবদান অত্যন্ত তাৎপর্যপূর্ণ হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

৫। **"কারিগরি শিক্ষার মানোন্নয়ন: বৈশ্বিক প্রেক্ষাপটে সম্ভাবনা ও করণীয়"** শীর্ষক সেমিনারে আপনি আমন্ত্রিত।

৬। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে ও জনস্বার্থে এ আমন্ত্রণপত্র প্রেরণ করা হলো।

৭। সেমিনারে অংশগ্রহণকারী প্রকল্প দপ্তর হতে টিএ/ডিএ প্রাপ্য হবেন।

২৩/০৪/২০২৫

মীর জাহিদ হাসান
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২৪১০২৪৯৫৩
ই-মেইল: pd@asset-dte.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। আঞ্চলিক পরিচালক (সকল);

২। অধ্যক্ষ,.................(সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ ৪টি);

৩। অধ্যক্ষ,.................(সরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট ৫০টি);

৪। অধ্যক্ষ,.................(সরকারি টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ ১টি);

৫। অধ্যক্ষ,.................(সরকারি ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট ১টি);

৬। অধ্যক্ষ,.................(সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ ১৫৫টি)।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.২৯.০৩৫.২২-১৪৩৯ তারিখ: ২৩/০৪/২০২৫ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০;

২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দকে উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণের অনুমতি প্রদানের অনুরোধসহ);

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা;

৪। চিফ একাউন্টস ও ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়;

৫। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭;

৬। উপপ্রকল্প পরিচালক (সকল), ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭;

৭। প্রোগ্রাম অফিসার (সকল), ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭;

৮। একাউন্টস অফিসার, ASSET প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭;

৯। টিটিএল/কো-টিটিএল (ASSET প্রকল্প), বিশ্বব্যাংক, আগারগাঁও, ঢাকা-১২০৭;

১০। নথি।

২৩/০৪/২৫

প্রকৌশলী মোঃ রাকিবুল হাসান
উপপ্রকল্প পরিচালক
মোবাইল: ০১৩২৫০৭৩৬১১
ই-মেইল: dpd4@asset-dte.gov.bd